আল-হিলাল ছাত্র সংসদ

জামিয়া মাদানিয়া আঙ্গুরা মুহাম্মদপুর, বিয়ানীবাজার, সিলেট

১৪৪২-৪৩ হিজরী

১৪২৭-২৮ বাংলা

২০২১-২০২২ ঈসায়ী

অর্থবছরের

বার্ষিক অডিট রিপোর্ট

বিসমিল্লাহির রাহমানির রাহীম

নাহ্‌মাদুহু ওয়া নুসাল্লী আলা রাসূলিহিল কারীম। আম্মা বা'দ...

মুসলিম উম্মাহ যখন হালছাড়া নাবিকের গন্তব্যহীন পালছেঁড়া কিশতি। হতাশা-দূরাশার কালো মেঘকখন্ড ছেয়েঁ গিয়েছিল উম্মাহর আকাশ। তখন প্রয়োজন ছিল এমন কতক রাহনুমার, যাঁরা উম্মাহকে দেখাবে আলোর পথ,গন্তব্যের দিশা। এমন সংকটময় মুহূর্তে উম্মাহ দরদী আমাদের আসাতিজায়ে কেরাম প্রতিষ্ঠা করেন আল-হিলাল নামে কালজয়ী আদর্শ এক সংগঠনের। যা উম্মাহর দুর্দিনে উম্মাহকে উপহার দেবে তাঁর কাঙ্খিত সেই কাফেলা। যাঁরা ফিরিয়ে আনবে উম্মাহর হারানো ঐতিহ্য। উড়াবে শান্তির নিশান। প্রতিষ্ঠালগ্ন থেকেই আল-হিলাল আপন স্বপ্ন জয়ে পূর্ণ সচেতনতা ও বিচক্ষণতার সঙ্গে অতিক্রম করছে প্রতিটি পর্যায়।

ছাত্র সংসদের বছরব্যাপী কার্যক্রমের সংক্ষিপ্ত একটি হিসাব আপনাদের সামনে পেশ করত ভুল-ভ্রান্তি শুধরে সুন্দর আগামীর প্রত্যাশায় প্রতিবছর অডিট করানো হয়। বিগত বছরের অডিট রিপোর্ট তৈরির দায়িত্ব অর্পিত হয় আমাদের পাঁচজনের কাঁধে। সাধ্যের সবটুকু ঢেলে আমরা নির্ভুল রিপোর্টের একটি খসড়া তৈরির চেষ্টা করেছি। তবুও ভুল থেকে যাওয়াটা অস্বাভাবিক কিছু নয়। তাই আপানাদের ক্ষমা সুন্দর দৃষ্টি কামনা করছি।

আমরা আমাদের ক্ষুদ্র পরিসরে অডিট করে যা পেয়েছি, সংক্ষেপে তা আপানাদের সামনে তুলে ধরছি।

আল হিলাল ছাত্র সংসদের তিনটি বিভাগ রয়েছে।

১. সাধারণ বিভাগ
২. প্রকাশনা বিভাগ
৩. পাঠাগার বিভাগ

আসবাবপত্রের হিসাব ভিন্ন ভিন্ন ভাবে করা হলেও অর্থের হিসাব একসাথে করা হয়।

বিগত সনের মোট আয় :

হিসাবের খাতা ও রসিদ বইয়ের সমন্বয়ে আয়ের হিসাব

আয় সূত্র	পরিমাণ
মাসিক ফি বাবত আয়	১,৩৯,৫৪৩ টাকা
আশ-শিহাব পরিষদ ইউ.কে থেকে অনুদান	১,০০০০০ টাকা
অন্যান্য অনুদান	৩৫,৬৬৬ টাকা
মোট আয়	+ ২,৭৫,২০৯ টাকা
সাবেক তহবিল	+ ২,৪১,৬৭৬ টাকা
সাবেক তহবিলসহ সর্বমোট আয়	৫,১৬,৮৮৫ টাকা

বিগত সনের মোট ব্যয় :

হিসাবের খাতা ও ভাউচারের সমন্বয়ে ব্যয়ের হিসাব

ব্যয় সূত্র	পরিমাণ
বার্ষিক মুখপত্র **'আল-হিলাল'** প্রকাশ বাবত	৮৪,৮৮০ টাকা
ছাত্র জমিয়তকে অনুদান	২০,০০০ টাকা
জামিয়াকে বিদ্যুৎ বিল বাবত অনুদান	৩০,০০০ টাকা
একটি কম্পিউটার ক্রয় বাবত	২৯,৫০০ টাকা
তিন বিভাগের বার্ষিক খরচ	৬২,৭৮৫ টাকা
বিগত সনের সর্বমোট ব্যয়	২,২৭,১৬৫ টাকা

একনজরে আয়-ব্যয় ও বর্তমান তহবিল :

বিগত সনের মোট আয়	২,৭৫,২০৯ টাকা
বিগত সনের মোট ব্যয়	২,২৭,১৬৫ টাকা
বিগত সনের তহবিল	৪৮,০৪৪ টাকা
পূর্ববর্তী সনসমূহের তহবিল	২,৪১,৬৭৬ টাকা
মোট তহবিল	২,৮৯,৭২০ টাকা

মন্তব্য: হিসাবের খাতার সাথে আয়-ব্যয়ের রশিদ ও ভাউচারের মিল থাকায় বিগত সনের সংশ্লিষ্ট দায়িত্বশীল মহোদয়কে হিলালী শুভেচ্ছা। হিসাবের সর্বোচ্চ স্বচ্ছতা রক্ষায় এসব বিষয়ের প্রতি লক্ষ্য রাখার জন্য এবছরের দায়িত্বশীলদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

১৪৪২-৪৩ হিজরী শিক্ষাবর্ষের প্রত্যেক জামাতের মাসিক ফির সংক্ষিপ্ত হিসাবঃ

জামাত	১ম কিস্তি ছাত্র সংখ্যা	ফির হার	আদায়	অনাদায়	২য় কিস্তি ছাত্র সংখ্যা	আদায়	অনাদায়	অতিরিক্ত
তাকমীল	৭৯	৩০	৯,৪৮০	নেই	৮১	১০,০০০	নেই	২৮০
ফযী.২য়	৯৩	২৫	৯,৩০০	নেই	৮৭	৮,৮০০	নেই	১০০
ফযী. ১ম	৬৪	২৫	৬,৪০০	নেই	৫৮	৫,৮০০	নেই	নেই
সানবী. ৩য়	৮৬	২৫	৮,৬০০	নেই	৮২	৮,৫০০	নেই	৩০০
সানবী. ২য়	৮৮	২০	৭,০৪০	নেই	৭১	৫,৭৮০	নেই	১০০
সানবী. ১ম	৭৬	২০	৬,০৮০	নেই	৬১	৪,৮৮০	নেই	নেই
মুতা. ৪র্থ	৫৩	১৭	৩,৬২০	নেই	৪৭	৩,২০০	নেই	২০
মুতা. ৩য়	৪৮	১৭	৩,২৬৪	নেই	৪৪	৩,০৪০	নেই	৪৮
মুতা. ২য়	৪৮	১৭	৩,২৬৪	নেই	৮২	২,৮৫৬	নেই	নেই
মুতা. ১ম	৩৩	১৭	২,২৪৫	নেই	২৮	১,৯০৪	নেই	১
ইব. ৫ম	২২	১৫	১,৩২০	নেই	১৮	১,০৮০	নেই	নেই
ইব. ৪র্থ	২৪	১৫	১,৪৪০	নেই	২১	১,২৬০	নেই	নেই
হিফয	১৬৯	১৫	১০,২০০	নেই	১৬৯	১০,১৯০	নেই	১১০
মোট	৮৮৩		৭২,২৫৩	নেই	৮৪৯	৬৭,২৯০	নেই	৯৫৯

মন্তব্যঃ আল-হিলাল ছাত্র সংসদের আয়ের প্রধান উৎস হলো মাসিক ফি। বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে শিক্ষাবর্ষের সূচনা বিলম্বিত হয়। সেজন্য মাসিক ফি'র এক তৃতীয়াংশ মওকুফ করে অবশিষ্ট ফি দুই দফায় আদায় করা হয়। ফলে আল-হিলালের আয়ের উৎসে কিছুটা হলেও ঘাটতি দেখা দেয়। তদুপরি শ্রেণি প্রতিনিধি ভাইদের অক্লান্ত পরিশ্রমের ফলে নির্ধারিত মাসিক ফি যথাসময়ে ছাত্র সংসদের ফান্ডে জমা হয়। তাই আমরা তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

আলহামদুলিল্লাহ, বিগত বছরে কোন জামাতের ফি অনাদায় নেই। বরং কিছু জামাতের ছাত্র ভাইয়েরা অতিরিক্ত কিছু টাকা আল-হিলালকে উপহার দেন। তাই ছাত্র সংসদের সংশ্লিষ্ট সকলের শোকর আদায় করছি। আশাকরি, আল-হিলালের এ অগ্রযাত্রা আরও বেগবান হবে।

সাধারণ বিভাগ ও প্রকাশনা বিভাগ একত্রে থাকায় দুই বিভাগের আসবাবপত্রের হিসাব একসাথে করা হয়েছে। নিম্নে এর বিস্তারিত বিবরণ পেশ করছি :

নাম	ছিল	পেয়েছি		নাম	ছিল	পেয়েছি
আলমারি	৩	৩		পর্দা	৩	৩
মাউস	১	৩		ঝুড়ি	৩	৩
দেয়ালিকা বোর্ড	২	২		জগ	৫	৫
ইশতেহার বক্স	২	২		গ্লাস	১১	১১
প্রিন্টার	১	১		পিরিচ ও হাফ প্লেট	৩১	৩৫
কিবোর্ড	১	৩		কাপ	৮	১১
নতুন ফেস্টুন	২০	২০		মাইকের মিশিন	১	১
সিলিং ফ্যান	৪	৪		ছোট মাইক	২	২
প্লাস্টিক চেয়ার	২৫	২৮		হ্যান্ড মাইক	১	১
ঘড়ি	১	১		ফাইল ট্রে	২	২
সিল	১৫	১৫		এক্স ফাইল	২	২
সিলপ্যাড	১	১		কোর্ট ফাইল	২	২
স্টেপলার	২	২		ছোট ট্রে	২	২
স্কেল	৪	৫		মারবেল পাথর	৬	৬
বেইজ	৫৬	৫৬		কলমদানি	২	২
কার্পেট	২	২		মানচিত্র	৪	২
পাপোশ	২	২		ক্যালকুলেটর	২	২
বাধাইকৃত আল হিলাল	৩৫	৩৫		ক্লিপ ফাইল	৪	৪
প্যাড	৭	৭		ফাইল ব্যাগ	১১	১২
সাপ্তাহিক সভার রিপোর্ট খাতা	১৪	১৫		রেজুলেশন খাতা	২	৩
বাল্ব	৪	৪		পরিদর্শন বই	১	১
পাওয়ার লাইট	১	১		সংরক্ষিত বাংলা দেয়ালিকা	৭২	৭৯
ল্যাপটপ	১	১		সংরক্ষিত আরবি দেয়ালিকা	৫২	৫৬
ইরানি কার্পেট	২	২		ল্যাপটপের কট	১	১
পদ পরিচিতি কার্ড	৫	৫		ফ্লাস্ক	২	২
পার্টেক্স টেবিল	৩	৩		ডায়াস	৯	১০
ক্যাশবুক	২	২		লেমেনেটিং মেশিন	১	১
সভার হাজিরা খাতা	৭	৯		কার্পেটের কাপড়	১	১

ক্লিপ	৭	৮
চিটির খাম	৩ বান্ডেল	৪ বান্ডেল
বেলচা	১	২
কয়েলদানি	১	১
তোয়ালে	২	২
সাউন্ড বক্স	২	৪
মাইক্রোফোন	০	১
স্ট্যান্ড	০	১
ডেক্সটপ	০	১
পেনড্রাইভ	১	২
ডস্টবিন	১০	১০

বড় ফুলদানি	২	২
ছোট ফুলদানি	৩	৩
ফিল্টার	১	১
স্বেচ্ছাসেবক গেঞ্জি	২৫	২৫
রং মাখার ট্রে	২	২
মাল্টিপ্লাগ	১	১
ওয়ালম্যাট	১০	১০
স্মরণিকা	১	১
প্যানেল বোর্ড	১	১

মন্তব্য: আল-হিলালের রয়েছে বৃহৎ একটি কার্যালয়। বিগত বছর বিজ্ঞ ও সচেতন দায়িত্বশীলদের পরিচর্যায় আল-হিলাল তার লক্ষ্যপানে আরও একধাপ এগিয়ে যায়। পাশাপাশি আল-হিলালের দ্রব্যাদি গুছালোভাবে পাওয়ায় আমরা সংশ্লিষ্টদের কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বি. দ্র. আল-হিলালের অমূল্য রত্ন সংরক্ষিত বাংলা-আরবী দেয়ালিকাগুলো অবহেলিত। ফলে সেগুলোর অস্তিত্ব শূন্যের কোঠায়। এগুলোর যথাযথ মূল্যায়ন করার জন্য আল-হিলাল পরিবারবর্গের সমীপে নিবেদন করছি।

পাঠাগারের দ্রব্যাদির হিসাব:

নাম	ছিল	পেয়েছি
সোকেস	৮	৮
টেবিল	৩	৩
চেয়ার	৩	৪
টুল	২	২
দস্তখতের খাতা	৭	৯
মারবেল পাথর	১	১
বাংলাদেশ মানচিত্র	১	১
ঝুড়ি	১	১
বেলচা	০	১

নাম	ছিল	পেয়েছি
টিকিট কার্ড	৯৬	৯৬
ইরানি কার্পেট	১	১
সিল	৫	৫
তালিকা খাতা	২	৩
সিলিং ফ্যান	২	২
স্কেল	১	১
কার্পেটের কাপড়	১	২
পর্দা	১	১

পাঠাগারের গ্রন্থাদির হিসাব:

গ্রুপ	বিষয়	ছিল	পেয়েছি	হেরেছে
ক	অনুবাদ ও তাফসীর	৩৩	৩৩	
খ	হাদীস	৩১	৩১	
গ	সীরাত	৯৬	৯৬	
ঘ	অন্যান্য নবী	৭	৭	
ঙ	সাহাবা চরিত	৫৪	৫৪	
চ	জীবনী	২৫৬	২৫৬	
ছ	ফিক্বহ	১২৭	১২৭	
জ	তাসাউফ	৯৮	৯৮	
ঝ	উসূল	১৫	১৫	
ঞ	দর্শন	৪৬	৪৬	
ট	ইসলামি জীবনাদর্শ	১০৮	১০৮	
ঠ	উপদেশ	১১৬	১১৭	
ড	আক্বাঈদ	২৯	২৯	
ঢ	অর্থনীতি	৪৬	৪৬	
ণ	গবেষণা	৯২	৯২	
ত	ইতিহাস	১৭১	১৭১	
থ	অভিধান	২৭	২৭	
দ	সাহিত্য	৯৭	৯৭	
ন	গল্প	৭৭	৭৭	
প	ছোটদের ইসলমিয়্যাত	১০১	১০১	
ফ	বিজ্ঞান	৩৫	৩৫	
ব	বাতিল মতবাদ	২০	২০	

ভ	জবাব	১১৬	১১৬	
ম	রাজনীতি	৫০	৫০	
য	বক্তৃতা শিখি	৫৯	৫৯	
র	ফিতনা	৩৭	৩৭	
ল	বাধাইকৃত আল-হিলাল	৩৪	৩৪	
শ	উলামায়ে দেওবন্দ	১৭	১৭	
ষ	প্রবন্ধ সংকলন	৬৩	৬৩	
স	সাধারণ জ্ঞান	১৪	১৪	
হ	হজ্ব ও কুরবানি	২২	২২	
ড়	সংস্কৃতি	১০	১০	
ঢ়	স্বাস্থ্য বিষয়ক	৩৫	৩৫	
য়	নারী বিষয়ক	৪৬	৪৬	
ৎ	ভ্রমণ	৪০	৪০	
অ	শিক্ষার্থীদের পাথেয়	৩২	৩২	
আ	অন্যান্য ধর্ম	১২	১২	
ই	আরবী সাময়িকী	১৬৮	১৬৮	
ঈ	ইসলামী সাময়িকী	৯৬	৯৬	
উ	জিহাদ	৬	৬	
এ	দাওয়াত ও তাবলীগ	৪৮	৪৮	
ঐ	আত্মজীবনি	১৩	১৩	
ও	নাস্তিক্যবাদ	৪	৪	
আরবি	আরবি	১৬১	১৬১	
উর্দু	উর্দু	২৪৬	২৪৬	
		৩০১১ টি	৩০১২ টি	

মন্তব্য: আলহামদুলিল্লাহ বিগত বছর সচেতন দায়িত্বশীল থাকায় গ্রন্থাগারের দ্রব্যাদি ও গ্রন্থাদি যথাস্থানে সুবিন্যস্থ পেয়েছি।

পাশাপাশি বিগত বছর গ্রন্থাগারের কোন পুস্তকও হারায়নি। বরং দায়িত্বশীলদের প্রচেষ্টায় একটি পুস্তক সংযুক্ত হয়েছে।

আল্লাহ তাদের উত্তম বিনিময় দান করুন।

জ্ঞাতব্য: গ্রন্থাগারের পুস্তকতালিকা ও পুস্তকের কোন মিল নেই। এবং নতুন অনেক পুস্তকের নামও তালিকায় যুক্ত হয়নি। তাই পুস্তকতালিকাটি নবায়নের জন্য আল-হিলাল পরিবারের কাছে অনুরোধ করা যাচ্ছে।

জামাতভিত্তক ছাত্র সংসদের সংক্ষিপ্ত পাঠক পরিসংখ্যান

ক্রমিক	জামাত	বই গ্রহণ
১	তাকমীল	৯৪ বার
২	ফযী.২য়	১৯৪ বার
৩	ফযী. ১ম	১৯২ বার
৪	সানবী. ৩য়	২১৬ বার
৫	সানবী. ২য়	২২০ বার
৬	সানবী. ১ম	১৩৬ বার
৭	মুতা. ৪র্থ	৯৪ বার
৮	মুতা. ৩য়	৪৯ বার
৯	মুতা. ২য়	৫৮ বার
১০	মুতা. ১ম	৪১ বার
১১	ইব. ৫ম	৫ বার
১২	ইব. ৪র্থ	৮ বার
১৩	হিফয	১ বার

সর্বমোট বই নেয়া হয়েছে ১,৩০৮ বার

মন্তব্য: আমাদের জ্ঞানের পরিধি বিস্তার প্রকল্পে আল-হিলাল ছাত্র সংসদ তিন সহস্রাধিক পুস্তক সমৃদ্ধ বিশাল গ্রন্থাগার উপহার দিয়েছে। সূচনালগ্ন থেকে আজ অবধি যাদের শ্রমে গ্রন্থাগারের এই সমৃদ্ধি আমরা তাদের মঙ্গল কামনা করছি।

অতীতের তুলনায় বিগত বছরের পুস্তক সংগ্রহের পরিসংখ্যান দেখে মনে হচ্ছে আমরা অধ্যয়নে বিতৃষ্ণ। যা চরম হতাশা ও অত্যন্ত পরিতাপের বিষয়। পুস্তক গ্রহণের হার ক্রমশ হ্রাসই পাচ্ছে। গত বছর সর্বমোট এক হাজার তিনশতো আট (১০৩৮) বার বই সংগ্রহর করা হয়। তন্মধ্যে সানবী ২য় বর্ষের শিক্ষার্থীরা সর্বোচ্চ দুইশত বিশ বার পুস্তক সংগ্রহ করে সবার শীর্ষে আছে। তাদেরকে জানাই মুবারকবাদ।

অতএব গ্রন্থাগার থেকে অধিক হারে পুস্তক অধ্যয়ন করে নিজের জীবনকে জ্ঞান সমৃদ্ধ করে তুলার প্রতি সকলের সুদৃষ্টি কামনা করছি।

জ্ঞাতব্য: আমাদের আল হিলাল পরিবারের সহস্রাধিক সদস্যের তুলনায় পাঠাগারটি খুবই সংকীর্ণ । ফলে পুস্তক সংগ্রহে সকলকেই ভুগান্তির শিকার হতে হয়।

তাই পাঠাগারের জন্য প্রশস্ত কামরা বরাদ্দ করার জন্যে প্রশস্ত হৃদয়ের অধিকারি আমাদের সরেতাজ আসাতাযায়ে কেরামের সুদৃষ্টি কামনা করছি।

লেখক তৈরীতে আল-হিলালের ভূমিকা

বিষয়	সংখ্যা	প্রবন্ধ	ছড়া
বাংলা দেয়ালিকা	১ম	২১	৪
বাংলা দেয়ালিকা	২য়	১৯	৩
আরবী দেয়ালিকা	১ম	১৯	০
আরবী দেয়ালিকা	২য়	১৭	০
মোট	৪ টি	৭৬	৭

মন্তব্য: সূচনালগ্ন থেকেই আল-হিলাল লিখনি শক্তির বিকাশ ঘটাতে ঈর্ষণীয় অবদান রেখে আসছে। ফালিল্লাহিল হামদ! এই অবদানের মূল ভূমিকা আল-হিলাল থেকে প্রকাশিত দেয়ালিকা, বার্ষিক মুখপত্র ইত্যাদির। বিগত বছর প্রকাশিত দেয়ালিকার সংখ্যা মাত্র চারটি। বাংলা দুটি। আরবী দুটি। জামিয়ার মতো বিশাল এক প্রতিষ্ঠানের এর এতসংখ্যক জ্ঞানপিপাসুর তুলনায় যা অতি নগন্য।

তদুপরি এই অল্প সংখ্যক দেয়ালিকা প্রকাশে প্রচন্ড বেগ পেতে হয় সম্পাদক মন্ডলীকে। যা সত্যিই হতাশা এবং লজ্জাজনক। তাই অনুষ্ঠান কেন্দ্রীক দেয়ালিকা প্রকাশের আয়োজন না করে অন্তত দ্বি-মাসিক দেয়ালিকা প্রকাশের ব্যবস্থা গ্রহণ করার জন্য কর্তৃপক্ষের সদয় দৃষ্টি কামনা করছি।

মন্তব্য: আল-হিলাল ছাত্র সংসদের কর্মসূচীগুলোর অন্যতম হলো সাপ্তাহিক প্রশিক্ষণ সভা। হাজিরা খাতা এবং রিপোর্ট বই তালাশ করে দেখা গেছে,বছরের শুরুর দিকে সভাগুলোতে বক্তা ও শ্রোতার তুলনামূলক আধিক্য থাকলেও শেষদিকে তা রহস্যজনক হারে কমেছে। যে কারণে বক্তার উপস্থিতি সর্বোচ্চ ৮৮.৮%। এবং শ্রোতার উপস্থিতি সর্বোচ্চ ৮৩.৪% শতাংশে ঠেকেছে।

একজন শিক্ষার্থীর সুপ্তপ্রতিভা বিকাশে সাপ্তাহিক সভা অত্যন্ত গুরুত্ববহ। কিন্তু দুঃখজনক হলেও তিক্ত সত্য সাপ্তাহিক সভার প্রতি আমাদের উদাসীনতা দিন দিন ভয়ানকভাবে বেড়েই চলছে। যা একসময় চরম হতাশার কারণ হতে পারে। তাই সময় থাকতে এই নিয়ামতের যথাযথ মূল্যায়ন করার জন্য সকলকে আহ্বান করছি।

বিগত সনের দায়িত্বশীলদের অক্লান্ত পরিশ্রমে যে ক'টি সামগ্রী আল-হিলাল উপহার পেয়েছে তা নিম্নরূপ:

ক্রমিক	নাম	সংখ্যা
১	সাউন্ড বক্স	২
২	ডেক্সটপ	১
৩	সাইনবোর্ড	৭
৪	মাইক্রোফোন	১
৫	স্ট্যান্ড	১

মন্তব্য: বিগত সনের সাধারণ সম্পাদক এবং দায়িত্বশীলদের আপ্রাণ প্রচেষ্টায় বেশকিছু নতুন সামগ্রীর মুখ দেখেছে আল-হিলাল। আল-হিলালের মতো একটি সংগঠনের নিজস্ব ডেক্সটপ থাকা নিতান্তই জরুরী ছিলো। যা গতোবছরের দায়িত্বশীলগণ আল-হিলালকে উপহার দিয়ে তার পথচলাকে আরো বেগবান করে দিয়েছেন। এজন্য সকল দায়িত্বশীলের প্রতি অজস্র শুভেচ্ছা।

শেষ কথা

আল-হিলাল ছাত্র সংসদ আমাদেরকে দেয়া জামিয়ার অতুলনীয় দান। ছাত্র সংসদের সকল কর্মসূচি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে পালন করা আমাদের জন্য অত্যাবশ্যক। কোন কর্মসূচীর প্রতি সামান্য অবহেলা প্রদর্শন নিজের ক্ষতিরই কারণ হতে পারে। তাই সময় থাকতে সুযোগের সদ্ব্যবহার করার জন্য সকলের কাছে নিবেদন করছি।

প্রিয় উপস্থিতি!

আল-হিলালের দুর্বার অগ্রগতি নিশ্চিতকল্পে সকল উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। এবং আল-হিলালের অগ্রযাত্রাকে আরও বেগবান করতে সকলের সহযোগিতা কামনা করে বিদায় নিচ্ছি।

মা'আসসালাম

অডিটরবৃন্দ
আরশাদ আহমদ (তাকমীল)
আবু ত্বালহা (ফযী. ২য়)
মুবীনুল হক্ব (ফযী. ১ম)
নুরুজ্জামান লস্কর (সানবী. ৩য়)
খালিদ সাইফুল্লাহ (সানবী. ২য়)